

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

তারিখঃ ০১-১২-২০২৪ খ্রিঃ

আদেশ:/কাস্টমস/২০২৪

বিষয়ঃ ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান Bengal Shoe Industries limited কর্তৃক ওয়ারহাউস সুবিধায় আমদানিকৃত কাঁচামাল ও প্রক্রিয়াধীন পণ্য স্থায়ী আন্ত-বন্ড হস্তান্তরের অনুমতি।

বেঙ্গাল শু ইন্ডাস্ট্রিজ লিমিটেড, রাখালিয়া, রায়পুর, লক্ষীপুর, যার বন্ড লাইসেন্স নং ৫/১৩) কাবক/আকা/ বন্ড(সাঃ) / লাই/১১/২০১১ তারিখঃ ০৩/০৭/২০১১ ইং এবং বিন নং-০০০২১৮০৯৩-০৬০৪ তারিখঃ ৩১/০৫/২০২৭ ইং এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল ওয়ারহাউস লাইসেন্সধারী অন্যান্য প্রতিষ্ঠানের নিকট দেশের চামড়া শিল্পের উৎপাদন, রপ্তানি আয় বৃদ্ধি ও কারখানার আর্থিক ক্ষতি রোধের বিষয়টি বিবেচনাপূর্বক বৈদেশিক মুদ্রা আহরণের স্বার্থে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ছকে উল্লিখিত কাঁচামাল ও প্রক্রিয়াধীন পণ্য স্থায়ী আন্ত-বন্ড হস্তান্তরের অনুমতি প্রদান করা হইলঃ

Export SC No & Date	Qty(Prs)	BTB LC No	Date	Value (\$)
NO PC-RT-BSL-856-2024-001 DATE 23-01-2024	100,000 Prs	0000026924060010	31-Jan-24	\$184,302.00
		0000076924060011		\$182,404.50
		0000076924060015	31-Jan-24	\$223,669.15
NO PC-RT-BSL-838-2024-002 DATE 23-01-2024	105,000 Prs	0000076924060017	4-Apr-24	\$25,012.20
			19-May-24	\$198,176.84
		0000026524060008	31-Jan-24	\$195,315.66
		0000076924060009	31-Jan-24	\$1008,880.35

শর্তসমূহ:

- কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য হস্তান্তরকারী এবং গ্রহনকারী ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদিত চুক্তিপত্র থাকিতে হইবে;
- কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল সংশ্লিষ্ট আমদানি দলিলাদি, তথা, ব্যাক টু ব্যাক ঋণপত্র, ইনভয়েস, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা রেলওয়ে রিসিপ্ট, বিল অব এন্ট্রি, ইউপি ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;
- কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য গ্রহনকারী প্রতিষ্ঠানের রপ্তানি ঋণপত্র (মাস্টার এলসি) বা বিক্রয় চুক্তি (সেলস কনট্রাক্ট), ব্যাক টু ব্যাক ঋণপত্র, প্রোফর্মা ইনভয়েস, ইউপি, ক্রয়দেশের কপি (P.O. Sheet) ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;
- এই কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য হস্তান্তর বন্ড কমিশনারেটের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সম্পন্ন করিতে হইবে;
- কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য হস্তান্তরকারী এবং গ্রহনকারী প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র, স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা, লেদার গুডস এন্ড ফুটওয়ার ম্যানুফ্যাকচারার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এর সুপারিশপত্র এবং স্থানান্তরকালে পণ্যের কোনোরূপ ক্ষয়ক্ষতি হইলে তাহার দায়-দায়িত্ব আন্তঃবন্ড হস্তান্তর গ্রহনকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের Risk Bond দাখিল করিতে হইবে;
- ইতোমধ্যে কাঁচামাল হস্তান্তরকারী প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত UP (Utilisation Permission) বাতিল করিতে হইবে;
- অনুমোদিত কাঁচামাল হস্তান্তরের সকল তথ্য যথা নিয়মে হস্তান্তরকারী এবং গ্রহনকারী ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বন্ড রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে;
- স্থানান্তরতব্য কাঁচামাল এবং প্রক্রিয়াধীন পণ্য রপ্তানির সপক্ষে Proceed Realisation Certificate (PRC), সংশ্লিষ্ট রপ্তানিকারক কর্তৃক রপ্তানির পরবর্তী তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটে বা ক্ষেত্রমত কমিশনারেটে দাখিল করিতে হইবে।